দৈনিক
ইত্তেফাক

তারিখ 28 JUL 2015
পৃষ্ঠা ... কলাম ...

# শিক্ষিকার বেত্রাঘাতে পঙ্গুত্বের পথে শিশু শিক্ষার্থী



বেত্রাঘাতে আহত শিশু শিক্ষার্থী

সখীপুর (টাঙ্গাইল) সংবাদদাতা

সখীপুরে স্কুল শিক্ষিকার বেত্রাঘাতে পঙ্গু হতে চলেছে শিশু শিক্ষার্থী ফাহাদ শিকদার। শিশু শিক্ষার্থীর বেত্রাঘাতের ঘটনাটি ঘটেছে উপজেলার বড়চওনা শাহীন স্কুল শাখায়।

গতকাল সোমবার সকালে এ ঘটনায় বিক্ষুব্ধ অভিভাবক ও এলাকাবাসী ওই স্কুলে তালা লাগিয়ে বিক্ষোভ প্রদর্শন করেছে। সরেজমিন এলাকাবাসীর সাথে কথা বলে জানা গেছে, গত রমজান মাসের এক সপ্তাহ পূর্বে বড়চওনা শাহীন স্কুল শাখার দ্বিতীয় শ্রেণির শিক্ষার্থী ফাহাদ শিকদারকে শিক্ষিকা বেলী আক্তার ক্লাসে বেত্রাঘাত করে। এতে তার ডান হাতের বাহুতে বড় ধরনের জখম হয়। অকে স্থানীয় সখীপুর স্বাস্থ্য কমপ্লেক্সের শিশু চিকিৎসক নাজমুল হোসাইনের কাছে প্রাথমিক চিকিৎসা দেয়া হয়। এতে তার অবস্থার উন্নতি না হলে ময়মনসিংহ মেডিক্যাল কলেজ ও হাসপাতালের শিশু সার্জারি বিভাগীয় অধ্যাপক ডা. শাহ আলম তালুকদারের কাছে নেয়া হয়। ততদিনে ওই শিক্ষার্থীর আঘাতপ্রাপ্ত স্থানে ইনফেকশন শুরু হয়। পরে অর্থোপেডিক সার্জারি চিকিৎসক মো. মোখলেছুর রহমান ওই শিক্ষার্থীর আঘাতপ্রাপ্ত স্থানে অস্ত্রোপচার করেন। উপজেলার চটানপাড়া গ্রামের বাদশা শিকদারের বাড়িতে গিয়ে ছেলে ফাহাদের কথা বলতেই আঁতকে ওঠে সে। ওই স্কুলের প্রধান শিক্ষক ও পরিচালক জালাল উদ্দিন বলেন, শিক্ষার্থীকে বেত্রাঘাতের ঘটনাটি সত্য নয়। তবে অভিযুক্ত শিক্ষিকার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবে। অভিযুক্ত শিক্ষিকা বেলী আক্তার বলেন, দুই শিক্ষার্থীর ঝগড়া থামাতে তাদের নিবৃত্ত করেছি। বেত্রাঘাতের ঘটনা ঘটেনি।